

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৭৭

জম্পুইজলা, ৭ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০

জম্পুইজলা ব্লকে সভা

জম্পুইজলা ব্লকের বিএসি হলে সম্প্রতি দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন জম্পুইজলা বিএসি'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা, ব্লকের বিডিও কমল দেববর্মা, অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় বিডিও জানান, আগামী ১০ থেকে ২৫ নভেম্বর পর্যন্ত ব্লকের ভিলেজ কমিটিগুলিতে বিকাশ সভা ও বিকাশ মেলা অনুষ্ঠিত হবে। ব্লকের বুকুরুই কমিউনিটি হলে আগামী ৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে ব্লকভিত্তিক বিকাশ মেলা।
